



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

ঋণ ও অগ্রিম বিভাগ-১

ঋণঅবি-১ সার্কুলার নং-০৮/২০১৯

তারিখ: ১০.১২.২০১৯

বিষয়: রাকাব এর কর্মকর্তা ও কর্মচারীদের অনুকূলে কৃষি ঋণ সুবিধা বাতিলকরণ প্রসঙ্গে।

১৯৮৭ সালের ১৫ মার্চ হতে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (রাকাব) এর কার্যক্রম শুরু হয়। বাংলাদেশ কৃষি ব্যাংক (বিকেবি) কর্তৃক ০৭.০১.১৯৮৭ তারিখে জারীকৃত ঋণ ম্যানুয়েল প্রতিষ্ঠালগ্ন থেকে রাকাব-এ ঋণ ম্যানুয়েল হিসেবে ব্যবহৃত হয়ে আসছিল। উক্ত ম্যানুয়েলের ২.০৩ অনুচ্ছেদে রাকাব এর কর্মকর্তা ও কর্মচারীদের অনুকূলে কৃষি ঋণ প্রদান পদ্ধতির বিষয়ে উল্লেখ রয়েছে।

২. ব্যাংকের ঋণ বিতরণ সংক্রান্ত পরিচালন কার্যক্রম সহজতর, গতিশীল ও নিরাপদ করার লক্ষ্যে বর্তমান ব্যাংকিং কর্মকাণ্ড, বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা এবং ব্যাংক কর্তৃক বিভিন্ন সময়ে জারীকৃত সার্কুলার/সার্কুলার লেটারের সাথে সামঞ্জস্য রেখে উক্ত ঋণ ম্যানুয়েল প্রয়োজনীয় সংশোধন পূর্বক একটি যুগোপযোগী ‘লেভিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল’ ২৮.০৩.২০১৯ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৪৯৪তম সভার অনুমোদনক্রমে গত ১৮.০৪.২০১৯ তারিখে ঋণঅবি-১ সার্কুলার নং-০১/২০১৯ এর মাধ্যমে মাঠ পর্যায়ে জারী করা হয়। বিগত ০৭.০১.১৯৮৭ তারিখে জারীকৃত ঋণ ম্যানুয়েলে ব্যাংকের কর্মকর্তা ও কর্মচারীদের অনুকূলে কৃষি ঋণ অনুমোদনকারী কর্তৃপক্ষ সুনির্দিষ্ট করা থাকলেও আলোচ্য ‘লেভিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল’ এ এতদবিষয়ে সুস্পষ্ট কোন নির্দেশনা প্রদান করা হয়নি। ‘লেভিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল’ এর ২য় অধ্যায়ে ঋণ প্রাপ্তির অযোগ্যতা বিষয়ক ২.৩ নম্বর অনুচ্ছেদের (খ) এর ৩নং শর্তে এতদবিষয়ে শুধুমাত্র নিম্নরূপ উল্লেখ রয়েছে:

“রাকাবের কর্মী (উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে শুধুমাত্র কৃষি ঋণ দেয়া যাবে)”

৩. উপযুক্ত কর্তৃপক্ষের বিষয়ে কোন সুস্পষ্ট ব্যাখ্যা না থাকায় এক্ষেত্রে ঋণ মঞ্জুরির বিষয়ে মাঠ পর্যায়ের বিভ্রান্তি এড়াতে গত ২৫.০৭.২০১৯ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৫০১তম সভার অনুমোদনক্রমে রাকাব এর কর্মকর্তা ও কর্মচারীদের অনুকূলে কৃষি ঋণ মঞ্জুরি ও অনুমোদন ক্ষমতা বিষয়ক এতদসংক্রান্ত সিদ্ধান্ত ০৪.০৮.২০১৯ তারিখে জারীকৃত ঋণঅবি-১ সার্কুলার লেটার নম্বর-১/২০১৯ এর মাধ্যমে ‘লেভিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল’ এর ৫ম অধ্যায়ে (ঋণ ও অগ্রিম মঞ্জুরি ক্ষমতা) ৫.৫ নম্বর অনুচ্ছেদ হিসেবে সংযোজন করা হয়।

৪. পরবর্তীতে গত ২৮.১১.২০১৯ তারিখে অনুষ্ঠিত রাকাব, পরিচালনা পর্ষদের নির্বাহী কমিটির ৫৯তম সভায় এতদবিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করা হয়:


“১৮.০৪.২০১৯ তারিখে ঋণঅবি-১ সার্কুলার নং-০১/২০১৯ এর মাধ্যমে জারীকৃত ‘লেভিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল’ এর ২য় অধ্যায়ে ঋণ প্রাপ্তির অযোগ্যতা বিষয়ক ২.৩ নম্বর অনুচ্ছেদের (খ) এর ৩নং শর্তের বন্ধনীর ‘(উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে শুধুমাত্র কৃষি ঋণ দেয়া যাবে)’ নির্দেশনা এবং ০৪.০৮.২০১৯ তারিখে জারীকৃত ঋণঅবি-১ সার্কুলার লেটার নম্বর-১/২০১৯ এর মাধ্যমে ‘লেভিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল’ এর ৫ম অধ্যায়ে (ঋণ ও অগ্রিম মঞ্জুরি ক্ষমতা) ৫.৫ নম্বর অনুচ্ছেদ হিসেবে সংযোজিত অংশ বাতিল করা হলো।”

ঋওঅবি-১ সার্কুলার নং-০৮/২০১৯

তারিখ: ১০.১২.২০১৯

৫. এতদপেক্ষিতে এ সার্কুলার জারীর তারিখ হতে এ ব্যাংকের কর্মকর্তা ও কর্মচারীদের অনুকূলে নতুনভাবে কৃষি ঋণ বিতরণ/পূর্বে বিতরণকৃত ঋণ নবায়ন/পুনরায় ঋণ প্রদান করা যাবে না। এছাড়া ঋণ মঞ্জুরি/বিতরণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে 'লেডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল' এবং ব্যাংক কর্তৃক জারীকৃত এতদসংক্রান্ত সার্কুলার/সার্কুলার লেটারের অন্যান্য নির্দেশনাবলী যথারীতি অপরিবর্তিত থাকবে। এ বিষয়ে কোন ব্যাখ্যা/স্পষ্টীকরণের প্রয়োজন হলে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

অনুমোদনক্রমে-



১০.১২.২০১৯

(শওকত শহীদুল ইসলাম)

সহকারী মহাব্যবস্থাপক

(বিভাগীয় দায়িত্বে)

সূত্র নং-প্রকা/ঋওঅবি-১/৪৪/২০১৯-২০২০/৬৭৩(৪৫৪)

তারিখ: ১০.১২.২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক, সচিব, বিভাগীয়/ইউনিট/সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৭। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ০৮। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ০৯। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১০। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, উপশহর, রাজশাহী।
- ১১। সহকারী মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা/স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
- ১২। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৩। অফিস নথি/মহানথি।



১০.১২.২০১৯

(শাহনেওয়াজ হাররে মাহমুদ)

মুখ্য কর্মকর্তা